



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্নাতকোত্তর প্রোগ্রামে কোর্স রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ে CE, EEE, ME, CSE, ECE, IEM, FSE, BME, URP, LE, Math, Chemistry এবং Physics বিভাগে স্নাতকোত্তর প্রোগ্রামে যে সকল শিক্ষার্থী অধ্যয়ন করছে তাদেরকে ০৯/০৭/২০২৩ হতে ২২/০৭/২০২৩ তারিখের মধ্যে ২০২৩ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারের কোর্স ও থিসিস/প্রোজেক্ট এর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত হারে ফিস পরিশোধান্তে Online এ কোর্স রেজিস্ট্রেশন করতে বলা যাচ্ছে।

উল্লেখ্য যে, ২০২৩ শিক্ষাবর্ষের জুলাই সেমিস্টারে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন বাবদ কোন ফিস প্রদান করতে হবে না। তাদেরকে শুধুমাত্র Online এ কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। তবে কেউ যদি ৬/১২ ক্রেডিট এর অতিরিক্ত ক্রেডিট নিতে চাইলে তাকে ক্রেডিট অনুযায়ী অতিরিক্ত ফি জমা দিতে হবে।

ফিস এর বিবরণ

কোর্স, থিসিস ও নরমাল রেজিস্ট্রেশনকারীদের জন্য	
সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯	
১। কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি Credit ১০০/- টাকা হারে)	
২। চিকিৎসা ফি *	২২০.০০
৩। পরীক্ষার ফি	৩৫০.০০
৪। থিসিস/প্রোজেক্ট ফি (প্রতি Credit ১০০/- টাকা হারে)	
৫। ইন্টারনেট ফি *	১৮০.০০
৬। গ্রেডশীট	৫০.০০
৭। পরিবহন ফি *	২২৫.০০
৮। বিদ্যুৎ *	৩০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩	
৯। ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩	
১০। ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
১১। সাহিত্য ও সংস্কৃতি ফি	৪৫.০০
১২। খেলাধুলা ফি	১২৫.০০
১৩। বার্ষিকী	৩০.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০	
১৪। জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১	
১৫। বিএনসিসি	২০.০০

ছাত্রত্বের ধারাবাহিকতা বজায় রাখার জন্য	
সঞ্চয়ী হিসাব নং-২৫৮৯	
১। পরিবহন ফি *	২২৫.০০
২। বিদ্যুৎ *	৩০০.০০
৩। ছাত্রত্বের ধারাবাহিকতা ফি	৫০০.০০
সঞ্চয়ী হিসাব নং-২১৪৩	
৪। ধর্মীয় ফি	২৫.০০
সঞ্চয়ী হিসাব নং-২৩০৩	
৫। ছাত্র বিষয়ক কার্যক্রম	৭৫.০০
সঞ্চয়ী হিসাব নং-৬২৫০	
৬। জরুরী সাহায্য তহবিল	১০০.০০
সঞ্চয়ী হিসাব নং-০১০০০৮৬৯৪৯৭৭১	
৭। বিএনসিসি	২০.০০

উল্লেখ্য, অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষার্থীদের (বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে '*' চিহ্নিত পরিবহন, বিদ্যুৎ, চিকিৎসা এবং ইন্টারনেট ফি প্রযোজ্য হবে না। এবং শুধুমাত্র থিসিস ও নরমাল রেজিস্ট্রেশনকারীদের পরীক্ষার ফি ও গ্রেডশীট এর ফি দেওয়া লাগবে না।

জরিমানা ছাড়া কোর্স রেজিস্ট্রেশনের শেষ তারিখঃ ২২/০৭/২০২৩ইং।

৩০০/- (তিনশত) টাকা জরিমানাসহ কোর্স রেজিস্ট্রেশনের তারিখঃ ২৩/০৭/২০২৩ইং হতে ২৯/০৭/২০২৩ইং তারিখ পর্যন্ত।

Online এ রেজিস্ট্রেশন করার নিয়মাবলী :

- ২০২৩ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে স্ব স্ব বিভাগ হতে User ID ও Password সংগ্রহ করে Online এ (<https://academic.kuet.ac.bd/pg>) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- স্ব স্ব বিভাগীয় প্রধান কর্তৃক অফারকৃত কোর্স এর মধ্য থেকে যে সকল কোর্স নিতে ইচ্ছুক সে সকল কোর্স টিক (✓) চিহ্ন দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অতঃপর সংশ্লিষ্ট শিক্ষক, সুপারভাইজার (যদি থাকে), কোর্স কোর্ডিনেটর এবং বিভাগীয় প্রধানের সাথে যোগাযোগ করে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশনের অনুমোদন নিতে হবে। রেজিস্ট্রেশন অনুমোদনের পর অনলাইনে টাকা জমা দিতে হবে।

যে সকল শিক্ষার্থীর পূর্ববর্তী সেমিস্টারের ফিস বকেয়া আছে তাদেরকে অবশ্যই বকেয়া পরিশোধ সাপেক্ষে চলতি সেমিস্টারের টাকা পরিশোধ করতে হবে। এ বিষয়ে এই +৮৮০২৪৭৭৩৩৫১-৭০ Ext.- ৭৭৫ নম্বরে যোগাযোগ করতে হবে। আরও উল্লেখ্য যে, টাকা জমা দেয়া এবং Online এ রেজিস্ট্রেশনের সময় কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে, info.pg@kuet.ac.bd অথবা +৮৮০২৪৭৭৩৩৫১-৭০ Ext.- ৭৭৫ ও ৮১৮৭ নম্বরে বেলা ৫.০০ টার মধ্যে (অফিস বন্ধের দিন ব্যতীত) যোগাযোগ করতে হবে।

Arifun
০৬/০৭/২৩

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/ ২২৬৯/২৩

তারিখঃ ০৬/০৭/২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। লাইব্রেরিয়ান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (অত্র বিজ্ঞপ্তি ইন্টারনেটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সেকশন অফিসার (গ্রেড-২), প্রো-ভিসি মহোদয়ের দপ্তর, অত্র বিশ্ববিদ্যালয় (প্রো-ভিসি মহোদয়ের গোচরে আসার অনুরোধসহ)।
- ৯। সংরক্ষণ নথি।

Arifun
০৬/০৭/২৩
(দেবশীষ মন্ডল)

ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা।